

বিশ্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের জুন/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : প্রধান বিশ্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।  
সভার তারিখ ও সময় : ১৪/৬/২০২১ খ্রি:, বেলা ০২:৩০ ঘটিকা।  
সভার স্থান : অনলাইন (জুম)।

আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ১২তম সভা। এপিএ টিমের মে/২০২১ মাসে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত ছিল:


- (ক) কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করা।
- (খ) ৪র্থ কোয়ার্টারে অংশীজনের সঙ্গে নির্ধারিত ৩টি অবহিতকরণ সভা আয়োজন করা।
- (গ) এপিএ টিমের মাসিক সভা নিয়মিত আয়োজন করা।

২। মে/২০২১ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়মিতভাবে প্রশিক্ষণ গ্রহণ করা হচ্ছে এবং ৪র্থ কোয়ার্টারে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা; অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনের অবহিতকরণ সভা; সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা ০৬/৬/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এপিএ টিমের মাসিক সভা নতুন অর্থবছরের জুলাই/২০২১ মাসে আয়োজন করা।

সিদ্ধান্ত:

আগামী ২০২১-২০২২ অর্থবছরের নতুন এপিএ চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিশ্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

ও

আস্ফায়ক/টিম লিডার, এপিএ টিম।  
বিশ্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।